

বাংলাদেশ মাদ্রাসা বোর্ড

আলিম ফাজিল ও কামিল পরীক্ষার ফল প্রকাশ

॥ স্টাফ রিপোর্টার ॥

বাংলাদেশ মাদ্রাসা বোর্ডের ১৯৮৬ সালের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। আলিম পরীক্ষার পাসের হার হচ্ছে (সম্মিলিত) শতকরা ৬৮ দশমিক ৫৯ ভাগ, ফাজিল পরীক্ষার পাসের হার (সম্মিলিত) শতকরা ৭০ দশমিক ২১ ভাগ এবং কামিল পরীক্ষার পাসের হার (সম্মিলিত) শতকরা ৭৪ দশমিক ৭৪ ভাগ। এবারের আলিম পরীক্ষায় সম্মিলিত বিভাগে পাবনা আলিয়া মাদ্রাসার ছাত্র (রোল নং পাবনা-৫২১) মোহাম্মদ

সালাহুদ্দীন মোট ৭৭২ নম্বর পেয়ে প্রথমস্থান অধিকার করেছেন। সালাহুদ্দীন বিজ্ঞান বিভাগের ছাত্র। ফাজিল পরীক্ষায় প্রথমস্থান অধিকার করেছেন দুর্বাটি (গাজীপুর) এম. ইউ. শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

আগামীকাল ১০ নভেম্বর মাদ্রাসা শিক্ষা বোর্ডের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার বিস্তারিত ফলাফল ছাপা হবে। বার্তা সম্পাদক

পরীক্ষার ফল

প্রথম পৃষ্ঠার পর

আলিয়া মাদ্রাসার ছাত্র (রোল নং দুর্বাটি-৬৮) মোহাম্মদ হাবিবুর রহমান। বিজ্ঞান বিভাগের ছাত্র হাবিবুর রহমানের প্রাপ্ত নম্বর হচ্ছে ৮০২। কামিল পরীক্ষায় প্রথমস্থান অধিকার করেছেন ঢাকা মাদ্রাসা-ই-আলিয়ার ছাত্র (রোল ঢাকা-১) মোহাম্মদ মাসউদুর রহমান। হাদিস বিভাগের ছাত্র মাসউদুর রহমান পেয়েছেন মোট ৭৭৫ নম্বর। ওদিকে আলিম পরীক্ষায় মহিলাদের মধ্যে প্রথমস্থান অধিকার করেছেন হাতিয়া (নোয়াখালী) রহমানিয়া সিনিয়র মাদ্রাসার ছাত্রী (রোল-বিজ্ঞান হাতিয়া, ম-১৭৬২) মোসাম্মাদ ফরিদা ইয়াছমিন। সম্মিলিত মেধা তালিকায় স্থান হচ্ছে ১৬ এবং প্রাপ্ত নম্বর হচ্ছে ৭১৫। ফাজিল পরীক্ষায় মহিলাদের মধ্যে প্রথম হয়েছেন দুর্বাটি (গাজীপুর) আলিয়া মাদ্রাসার ছাত্রী (রোল নং দুর্বাটি, ম-৯৭) মিসেস ফেরদৌসী রহমান। প্রাপ্ত নম্বর হচ্ছে ৬৬২।

আলিম

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ১৯৮৬ সনে গৃহীত আলিম পরীক্ষায় সর্বমোট ১৭ হাজার ৬শ' ২৩ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন। তন্মধ্যে প্রথম বিভাগে ৬শ' ৮৮ জন, দ্বিতীয় বিভাগে ৭ হাজার ৬শ' ৬৯ জন এবং তৃতীয় বিভাগে ৩ হাজার ৭শ' ৩০ জন উত্তীর্ণ হয়েছেন। পাসের হার ৬৮ দশমিক ৫৯ ভাগ।

ফাজিল

এবার ফাজিল পরীক্ষায় অংশগ্রহণ করেছিলেন মোট ১১ হাজার ৬শ' ১৮ জন। তন্মধ্যে প্রথম বিভাগে ৫শ' ৩০ জন, দ্বিতীয় বিভাগে ৪ হাজার ৮শ' ৯ জন এবং তৃতীয় বিভাগে ২ হাজার ৮শ' ১৯ জন উত্তীর্ণ হয়েছেন। পাসের হার শতকরা ৭০ দশমিক ২১ ভাগ।

কামিল

কামিল পরীক্ষায় অংশগ্রহণকারীদের মোট সংখ্যা ছিল ৩ হাজার ৫শ' ৫৯। তন্মধ্যে প্রথম বিভাগে ৩৯ জন, দ্বিতীয় বিভাগে ১ হাজার ২শ' ৭৮ জন এবং তৃতীয় বিভাগে ১ হাজার ৩শ' ৪৩ জন উত্তীর্ণ হয়েছেন। পাসের হার শতকরা ৭৪ দশমিক ৭৪ ভাগ।

DISTRICT OFFICE
TEACHER'S NAME